

## ছাত্রীকে যৌন নির্যাতন

# জবি শিক্ষকের পদাবনতি

### জবি প্রতিনিধি

ছাত্রীকে যৌন নিপীড়নের অভিযোগে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন বিভাগের শিক্ষক মো. সাখাওয়াত হোসেনকে সহযোগী অধ্যাপক থেকে সহকারী অধ্যাপক করা হয়েছে। একই সূত্রে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত তাকে বাধ্যতামূলক ছুটিতে থাকতে বলা হয়েছে। বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের ৬৮তম সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ডিসি অধ্যাপক ড. মীজানুর রহমান বৃহস্পতিবার রাতে যুটোফোনে 'দৈনিক যুগান্তরকে বিষয়টি নিশ্চিত করেছেন।

ডিসি বলেন, বিশ্ববিদ্যালয়ের যৌন হয়রানির অভিযোগ সংক্রান্ত কমিটির সুপারিশে সাখাওয়াত হোসেনকে সহযোগী অধ্যাপক থেকে সহকারী অধ্যাপক হিসেবে পদানবতি করা হয়েছে। এছাড়া পরবর্তী দুই বছর তিনি পদোন্নতির জন্য কোনো আবেদন করতে পারবেন না। একই সূত্রে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত তিনি বাধ্যতামূলক ছুটিতে থাকবেন। বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, সাখাওয়াত হোসেন ২৩ এপ্রিল বিভাগের ১০ম ব্যাচের এক শিক্ষার্থীকে তার কক্ষে ডেকে নিয়ে যৌন নিপীড়ন করেন বলে অভিযোগ গঠিত। এর তিন দিন পর শুই ছাত্রীসহ তার বাবা-মা বিশ্ববিদ্যালয়ের ডিসির কাছে এ ব্যাপারে লিখিত অভিযোগ করেন। অভিযোগের পরিপ্রেক্ষিতে ওইদিনই সবশিষ্ট শিক্ষককে বাধ্যতামূলক ছুটিতে পাঠানো হয়। তদন্তে বিষয়টি প্রমাণিত হওয়ায় তার বিরুদ্ধে এই শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়।